

Times Today BD

সিনিয়র রিপোর্টার | দেশজুড়ে | 10 April, 2025

ভারতের সঙ্গে আমাদের বন্দি বিনিময় চুক্তি আছে, সেই চুক্তির মাধ্যমে শেখ হাসিনাকে ফিরিয়ে আনার চেষ্টা করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা অবসরপ্রাপ্ত লেফটেন্যান্ট জেনারেল জাহাঙ্গীর আলম চৌধুরী।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) দুপুরে সুনামগঞ্জের শান্তিগঞ্জ থানায় ধান কর্তন কর্মসূচি পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এই কথা বলেন। এসময় সেখানে ক্ষতিগ্রস্ত রাবার ড্যাম মেরামতের জন্য যোগাযোগ করেন স্থানীয় পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তাদের সঙ্গে। কর্মকর্তারা উপদেষ্টাকে জানান এটি এলজিইডির দায়িত্ব।

এরপর উপদেষ্টা তাৎক্ষণিক এলজিইডির নির্বাহী প্রকৌশলীকে ফোন দিয়ে ড্যাম রিপেয়ারের উদ্যোগ নিতে বলেন। উপদেষ্টা ফোনে ওই কর্মকর্তাকে হুঁশিয়ারি দিয়ে বলেন, ৭ দিনের মধ্যে ড্যাম রিপেয়ার না হলে আপনাকেই রিপেয়ার করে দেব।

সাম্প্রতিক সময়ে সিলেট ও খুলনার মব ঠেকাতে সরকার ব্যর্থ বিএনপির এমন দাবির ব্যাপারে তিনি বলেন, ঘটনা কিছু ঘটবে। আমরা এর বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছি কিনা? যে জায়গায় ঘটনা ঘটেছে আমরা ব্যবস্থা নিয়েছি। ভবিষ্যতে ঘটলেও আইনের আওতায় নিয়ে আসা হবে। এসময় বাংলাদেশের আইনশৃঙ্খলা স্বাভাবিক আছে, সাধারণ মানুষ আরও ৫ বছর আমাদের থাকতে বলতেছে বলেও মন্তব্য করেন তিনি।

পরিদর্শনে সিলেট বিভাগীয় কমিশনার খান মো. রেজা উন নবী, সিলেট রেঞ্জ ডি আইজি মো. মুশফেকুর রহমান, জেলা প্রশাসক সুনামগঞ্জ ড. মোহাম্মদ ইলিয়াস মিয়াসহ প্রশাসনের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এলজিইডি উপদেষ্টা প্রকৌশলী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:32

URL: <https://www.timestodaybd.com/across-the-country/591456706>